



আজ বিশ্ব ডায়াবেটিস দিবস: বাংলাদেশে আক্রান্ত প্রায় ১ কোটি ৩৯ লাখ



সংগৃহীত ছবি

আজ ১৪ নভেম্বর, বিশ্ব ডায়াবেটিস দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিনটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালন করা হচ্ছে। এ বছরের প্রতিপাদ্য— ‘কর্মস্থলে ডায়াবেটিস সচেতনতা গড়ে তুলুন’, যার লক্ষ্য কর্মজীবী জনগোষ্ঠীর মধ্যে রোগটি সম্পর্কে জ্ঞান ও সতর্কতা বৃদ্ধি করা। ১৯৯১ সালে আন্তর্জাতিক ডায়াবেটিক ফেডারেশন দিনটিকে বিশ্ব ডায়াবেটিস দিবস হিসেবে ঘোষণা করে, আর ২০০৬ সালে বাংলাদেশের প্রস্তাবে জাতিসংঘ তা আনুষ্ঠানিক স্বীকৃতি দেয়। আইডিএফের সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, ডায়াবেটিসের প্রকোপে বাংলাদেশ এখন বিশ্বের সপ্তম স্থানে। দেশের ১১ কোটির বেশি প্রাপ্তবয়স্ক মানুষের মধ্যে প্রায় ১৩ দশমিক ২ শতাংশ, অর্থাৎ প্রায় ১ কোটি ৩৯ লাখ মানুষ ডায়াবেটিসে ভুগছেন। আক্রান্তদের প্রায় অর্ধেকই নারী। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও আইডিএফের যৌথ হিসাব বলছে, বিশ্বে প্রতি ১০ সেকেন্ডে একজন ডায়াবেটিস রোগী মারা যান এবং একই সময়ে দুজন নতুন রোগী শনাক্ত হন—যা বৈশ্বিকভাবে রোগটির চাপ বাড়ার ইঙ্গিত দেয়। দিবসটিকে কেন্দ্র করে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি দুই দিনব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে। আজ সকালে শাহবাগ বারডেম কার পার্কিং এলাকা থেকে টেনিস ক্লাব গেট পর্যন্ত রোড শো অনুষ্ঠিত হয়। ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত স্বল্পমূল্যে হার্ট, নিউরো ও ভাসকুলার ক্যাম্প চলছে। এছাড়া বারডেমের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগে সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি চলছে। আগামীকাল ১৫ নভেম্বর বারডেম, এনএইচএন এবং বিআইএইচএসের বিভিন্ন কেন্দ্রে সকাল ৮টা থেকে ১১টা পর্যন্ত বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা করা হবে। একই দিন বেলা ১০টায় বারডেম অডিটোরিয়ামে আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হবে। এসব আয়োজনের মূল লক্ষ্য—ডায়াবেটিস সম্পর্কে জনসচেতনতা বাড়ানো এবং ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীকে প্রাথমিক পর্যায়ে চিকিৎসা গ্রহণে উৎসাহিত করা।